


# যুগান্তর

ইস্টার্ন ইউনিভার্সিটির সমাবর্তন

## গবেষণার প্রতি গুরুত্ব দিতে শিক্ষা উপমন্ত্রীর আহ্বান

প্রকাশ : ১৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

সাভারের আশুলিয়ায় ইস্টার্ন ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হল। শনিবার বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে দিনব্যাপী এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রাষ্ট্রপতি এবং চ্যান্সেলর মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সমাবর্তনে সভাপতিত্ব করেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

সমাবর্তন অনুষ্ঠানে সনদ ও গোল্ড মেডেলপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, এ অর্জনের সুফল দেশ ও জাতির উন্নয়নে কাজে লাগাতে হবে। তিনি বলেন, গবেষণা ছাড়া শিক্ষক ও শিক্ষার মান ধরে রাখা কঠিন। এ কারণে বিশ্ববিদ্যালয়ে গবেষণার দিকে নজর দিতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, অর্জিত জ্ঞান দেশ গড়ার কাজে মানব সেবার ব্রত নিয়ে এগিয়ে যেতে হবে।

সমাবর্তন বক্তা ছিলেন যুক্তরাষ্ট্রের বাংলাদেশ দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স মিজ জোয়েন ওয়্যাগনার। তিনি সব শিক্ষার্থীকে বৈশ্বিক নাগরিক হয়ে ওঠার আহ্বান জানান। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনাদের তৃপ্ত মুখ দেখে আমি আনন্দিত। আপনারা ভাগ্যবান। কারণ এ দেশটি এখন নিু আয়ের দেশ থেকে নিু মধ্য আয়ের দেশে উন্নীত হয়েছে। আপনারাই এ দেশের পরিবর্তন আনতে পারবেন। নতুন নতুন পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে কর্মক্ষেত্র সৃষ্টি করতে পারবেন। দেশের মানুষের পাশে দাঁড়তে পারবেন। তিনি বলেন, অন্য কেউ কখনও একজন নারীকে ক্ষমতায়ন করতে পারে না। তাহলে ক্ষমতা তার হাতেই থেকে যায়। নারীকে নিজে থেকেই ক্ষমতাবান হতে হবে। বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, ইউনিভার্সিটির চেয়ারম্যান লিয়াকত হোসেন মোগল, ভিসি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কলা অনুষদের ডিন অধ্যাপক তাহমিনা আহমেদ, রেজিস্ট্রার আবুল বাশার খান। জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। এরপর কোরআন থেকে তিলাওয়াত করা হয়। তারপর রাষ্ট্রপতি ও চ্যান্সেলর আবদুল হামিদের প্রতিনিধিত্বকারী শিক্ষা উপমন্ত্রী সমাবর্তন কার্যক্রম শুরুর অনুমতি দেন। শেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য দেন ইস্টার্ন ইউনিভার্সিটির কলা অনুষদের ডিন অধ্যাপক তাহমিনা আহমেদ। ২০১৬ সালের ফল সেমিস্টার থেকে এ বছরের সামার সেমিস্টার পর্যন্ত ২৯৭২ শিক্ষার্থী গ্র্যাজুয়েশন করেছেন ইস্টার্ন ইউনিভার্সিটি থেকে। তাদের মধ্যে প্রায় ১৮০০ শিক্ষার্থী এ অনুষ্ঠানে সার্টিফিকেট গ্রহণ করেন। চারটি অনুষদ থেকে মোট নয়জন শিক্ষার্থী এ বছর স্বর্ণপদকের জন্য মনোনীত হন। তাদের মধ্যে চ্যান্সেলর গোল্ড মেডেল পান দু'জন- নওশীন রহমান ও শ্রাবণী সরকার। তারা দু'জনই ব্যবসায় প্রশাসন অনুষদের শিক্ষার্থী। স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত তিনজনকে দেয়া হয় চেয়ারম্যানস গোল্ড মেডেল। তারা হলেন- ইংরেজি বিভাগের সাদিয়া আফরিন, ব্যবসায় প্রশাসনের অনন্যা ইসলাম এবং আইন বিভাগের নুশেরাতা জরিন দারিন। চার অনুষদ থেকে স্নাতক ডিগ্রিপ্রাপ্ত চারজন পান ভাইস চ্যান্সেলর গোল্ড মেডেল। তারা হলেন- ইংরেজি বিভাগের দেবিকা সিনহা গার্গি, ব্যবসায় প্রশাসনের মো. নাজমুল ইসলাম জিহাদ, প্রকৌশল ও কারিগরি বিভাগের মো. তারেক ও আইন বিভাগের মাসুমা দিল আফরোজ।

উচ্চশিক্ষায় গুণগত মান ও নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে ২০০৩ সালে প্রতিষ্ঠিত ইস্টার্ন ইউনিভার্সিটিতে বর্তমানে প্রায় সাড়ে তিন হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছেন। চারটি অনুষদ এবং সেসব অনুষদের অধীনে ৯টি প্রোগ্রাম আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।